দৈনিক বাংলা

035

434

# আজ এইচএসসি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের ১৯৮১ সালের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। এ বছর এই বোর্ডের অধীন ৭১টি পরীক্ষা কেন্দ্রে সর্বমোট উনচল্লিশ হাজার আট শত ৭৮ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করছেন।

এ বছর ঢাকা বোর্ডের অধীন বিদেশের ত্রিপলী, জেদ্দা এবং লন্ডনের তিনটি পরীক্ষা কেন্দ্রেও একই সাথে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে রয়েছেন ৩১ হাজার ৯৯৫ জন ছাত্র এবং ৭ হাজার ৮৮৩ জন ছাত্রী। এদের মধ্যে কলা বিভাগে রয়েছেন ১৬,৮৬৪ জন, বিজ্ঞান বিভাগে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

১৬,৭৮১ জন, বাণিজ্য বিভাগে ৫,৩১৬ জন, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ১৮৮ জন, কৃষি বিভাগে ৬৯৯ জন, ইসলামী শিক্ষা বিভাগে ১৭ জন এবং সংগীত বিভাগে ১৩ জন।

শুধুমাত্র ঢাকা মহানগরীতে ১২,১২৪ জন পরীক্ষার্থী নগরীর ২০টি উপকেন্দ্র হতে পরীক্ষায় অংশ গ্রহণ করছেন। নগরীতে আট হাজার ১১৫ জন ছাত্র এবং চার হাজার নয় জন ছাত্রী পরীক্ষায় অংশ নেবেন।

পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা এবং পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য প্রত্যেক জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসককে আহবায়ক করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি ভিজিলেন্স কমিটি গঠন করা হয়েছে।